দৈনিক বাংলা

তারিখ ... 30 MAY 1991
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

230

# নিজামীকে ভার্সিটিতে আমন্ত্রণের নিন্দায় বিভিন্ন ছাত্র সংগঠন

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

জামায়াত নেতা মাওলানা মতিউর রহমান নিজামীর ওপর হামলার ঘটনায় ছাত্র নেতৃবৃন্দের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবী জানিয়েছে বিভিন্ন ছাত্র সংগঠন। এ দাবীতে ছাত্র সংগঠনগুলি গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করে। এসব সমাবেশে

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিভিন্ন ছাত্র সংগঠন

(প্রথম পৃষ্ঠার পর)

মতিউর রহমান নিজামীকে বিশ্ববিদ্যালয়ের বৈঠকে আমন্ত্রণ জানানোয় কর্তৃপক্ষের নিন্দা করা হয়। কয়েকটি ছাত্র সংগঠন এজন্যে ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করে।

### ছাত্রলীগ (শা-অ)

ছাত্রলীগ (শা-অ) সারাদেশে জামাত-শিবিরের রাজনীতির বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ গড়ে তোলার জন্য ছাত্রদের প্রতি আহবান জানিয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক ছাত্র সমাবেশে এ আহবান জানিয়ে সংগঠনের নেতৃবৃন্দ বলেন, একাত্তরে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের হত্যা করেছে তাদের বিশ্ববিদ্যালয়ে নিমন্ত্রণ করে এনে কর্তৃপক্ষ নিন্দনীয় কাজ করেছেন। এ ঘটনার জন্য তারা ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করেন এবং ঘটনা তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটি প্রত্যাহারের দাবী জানান।

সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা গোলাম মোস্তফা সুজন এবং কামরুজ্জামান আনসারী।

ছাত্রলীগ (শা-অ) ছাত্র নেতৃবৃন্দের নামে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবীতে ১লা জুন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ প্রদর্শন করবে।

### জাতীয় ছাত্রলীগ

জাতীয় ছাত্রলীগ ছাত্রনেতৃবৃন্দের নামে দায়েরকৃত হয়রানীমূলক মামলা প্রত্যাহারের দাবীতে গতকাল মধুর ক্যান্টিনের সামনে এক সমাবেশ করে।

কামাল হোসেন, ইকবালুর রহমান, পংকজ নাথ প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ উক্ত মামলার কারণে সংগঠনের সভাপতি জাহাঙ্গীর সাত্তার টিংকুর বাসায় পুলিশী অভিযানের নিন্দা করেন এবং অবিলম্বে ছাত্র নেতৃবৃন্দের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবী জানান।

জাতীয় ছাত্রলীগ জাহাঙ্গীর সাত্তার টিংকুর বাসায় পুলিশী হামলার প্রতিবাদে ১লা জুন শনিবার সারাদেশে বিক্ষোভ দিবস পালন করবে।

### ছাত্রলীগ (না-শ)

ছাত্রলীগ (না-শ) মতিউর রহমান নিজামীকে বিশ্ববিদ্যালয়ের বৈঠকে আমন্ত্রণ জানানো জন্য ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করেছে।

জামাত-শিবির কর্তৃক সারাদেশে সন্ত্রাস সৃষ্টির প্রতিবাদে ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ এ দাবী জানান। সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান এবং সাধারণ সম্পাদক শফী আহমদ সভায় বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ নিজামী লাঞ্ছিত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে বিভিন্ন প্রগতিশীল ছাত্র সংগঠনের নেতা কর্মীদের নামে মামলা দায়ের ও বাড়ী তল্লাশীর ঘটনার নিন্দা করেন এবং মামলা প্রত্যাহারের দাবী জানান।

### ছাত্র ইউনিয়ন

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন দেশের বিভিন্ন স্থানে সাম্প্রদায়িক স্বাধীনতা বিরোধী জামায়াত-শিবির চক্রের সন্ত্রাসী কর্মকাণ্ডের বিরুদ্ধে হুশিয়ারী উচ্চারণ করেছে এবং এদের প্রতিরোধ করার জন্য প্রগতিশীল শক্তির প্রতি আহবান জানিয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সমাবেশে সংগঠনের নেতৃবৃন্দ এ আহবান জানান। ছাত্রনেতা আহমেদ, শাহীন জুয়েল এবং সুনীল দাস সমাবেশে বক্তৃতা করেন। তারা ছাত্র নেতৃবৃন্দের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবী জানান।

### সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ছাত্র নেতাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহার, ডাঃ মিলনের হত্যাকারীদের গ্রেফতার এবং ক্যাম্পাসে সন্ত্রাস ও নৈরাজ্যের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত এক সমাবেশে সংগঠনের সভাপতি বেলাল চৌধুরী এসব দাবী জানান।

বেলাল চৌধুরী অভিযোগ করেন যে, ডাঃ মিলনের হত্যাকারীরা প্রকাশ্যে ঘুরে বেড়ালেও তাদের গ্রেফতার করা হয় না, অথচ ছাত্রনেতাদের অহেতুক মামলায় জড়িয়ে হয়রানি করা হয়।

বাংলাদেশ ছাত্র মুক্তি এক বিবৃতিতে মতিউর রহমান নিজামীর ওপর হামলার ঘটনায় ছাত্র নেতৃবৃন্দের নামে মামলা দায়েরের নিন্দা করেছে এবং অবিলম্বে মামলা প্রত্যাহারের দাবী জানিয়েছে।